Cosmo School

সপ্তম শ্রেণী

বাংলা ১ম পত্র

# কুলি-মজুর

জ্ঞানমূলক

১. শকট অর্থ কী?

২. বাষ্প-শকট চলে কাদের হাড় দিয়ে ?

৩. ‘গাঁইতি’ শব্দের অর্থ কী ?

৪. কবি কার সঙ্গে কুলি-মজুরদের তুলনা করেছেন ?

৫. ‘কুলি-মজুর’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

৬. কুলি-মজুরদের ঋণ কাদেরকে শোধ করতে হবে ?

৭. কাজী নজরুল ইসলাম কোন জেলায় জন্মগ্রহন করেন ?

৮. ‘কুলি-মজুর’ কবিতাটি কে লিখেছেন ?

৯. বাবুসাব কাকে ঠেলে নিচে ফেলে দিল ?

১০. শ্রমিকেরা পাহাড় ভাঙল কীভাবে ?

১১. মানব সভ্যতা কাদের দান ?

১২. কার চোখ ফেটে জল এলো ?

১৩. ‘ঠুলি’ শব্দের অর্থ কী ?

১৪. কেমন দিন আসছে ?

১৫. কী দিয়ে পাহাড় ভাঙা হয় ?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

আব্বাস সাহেব বিশাল কারখানার মালিক। মাসে তার লাভ হয় এক কোটি টাকা। তার কারখানার শ্রমিকদের বেতন তিন হাজার টাকা করে। শ্রমিকরদের সাপ্তাহিক ছুটির দিনও কাজ করতে হয়। এর প্রতিবাদ জানাতে গেলে আব্বাস সাহেব বলেন- “তোমাদের তো বেতন দেয়া হচ্ছেই। এমন সমস্যা করলে বেতন কেটে রাখা হবে।” এরপর নানা অসুবিধা আর নির্যাতনের পরও শ্রমিকরা আর প্রতিবাদের সাহস পায় না।

ক) দিনে দিনে বহু কি বেড়েছে ?

খ) ‘কুলি মজুর’ কবিতার উল্লিখিত ‘দিধীচি’র পরিচয় দাও ।

গ) উদ্দীপকের সাথে কবিতার কোন অংশের মিল রয়েছে -ব্যাখ্যা কর

ঘ) উদ্দীপকে বর্ণিত কারখানার শ্রমিক এবং ‘কুলি-মজুর’ কবিতার শ্রমজীবী মানুষ প্রত্যেকেই সভ্যতার বিকাশ ঘটালেও নিজেরা হয়েছে অবহেলিত।–মন্তব্যটি মূল্যা

প্রশ্নঃ ২

যুগ যুগ ধরে কুলি-মজুরের মতো লক্ষ-কোটি শ্রমজীবী মানুষের হাতে গড়ে উঠেছে মানবসভ্যতা। এদেরই অক্লান্ত শ্রমে ও ঘামে মোটর জাহাজ চলছে, দালান-কোঠা গড়ে উঠছে, কল-কারখানা স্থাপিত হচ্ছে। অথচ এক শ্রেণীর হৃদয়হীন স্বার্থান্ধ মানুষ এদের শ্রমের বিনিময়ে পাওয়া বিত্ত-সম্পদের সবটুকুই ভোগ করছে। শ্রমজীবীদের তারা মানুষ হিসেবেই গণ্য করে না।

ক) ‘কুলি-মজুর’ কবিতার উৎস কী ?

খ) ‘দধীচির হাড়’ বলতে কবি কী বুঝিয়েছেন ?

গ) উদ্দীপকটি ‘কুলি-মজুর’ কবিতার কোন দিকটি প্রকাশ করে ? ব্যাখ্যা কর ।

ঘ) উদ্দীপকটিতে মানবসভ্যতার অগ্রগতিতে খেটে খাওয়া কুলি-মজুর ও শ্রমজীবী মানুষের মানবেতর জীবনযাপন ও অবদানের দিকটি তুলে ধরা হয়েছে- বিশ্লেষোণ কর ।

Revision Work

# নতুন দেশ

জ্ঞানমূলক

১. রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম কত খ্রিষ্টাব্দে ?

২. রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম কী ?

৩. সারে সারে কী দাঁড়িয়ে আছে ?

৪. নৌকা মাঝনদীতে কীভাবে চলে ?

৫. নৌকা কখন ভেসে যায় ?

৬. জলের ঢেউয়ে কী নাচে ?

৭. নারিকেলের বন কোথায় ?

৮. পশুরা কীভাবে ঘুরে বেরায় ?

৯. কার মনে সাধ জাগে ?

১০. নৌকা কোথায় বাঁধা আছে ?

১১. ভাঁটা শব্দের অর্থ কী ?

১২. নীল আকাশের মাঝে কী সাজে ?

১৩. আপিস শব্দের প্রমিত রূপ কী ?

১৪. ছেলেটি কোথায় থাকে ?

১৫. ছেলেটির বাবা কোথায় যায় না ?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলর উত্তর দাওঃ

অপুদের বাড়ি হইতে কিছু দূরে একটা অশ্বথ গাছ ছিল । অপু মাঝে মাঝে সেই দিকে চাহিয়া দেখিত । তাহার যেন অনেক-অনেক দূরের কোনো দেশের কথা মনে হয়- কোথায় যেন কোথাকার দেশ- মা'র মুখে ঔসব দেশের রাজপুত্তুরদের কথাই সে শোনে ।

ক) ভাটার টানে কী চলে ?

খ) নতুন দেশ সম্পর্কে 'নতুন দেশ' কবিতার ছেলেটির ধারনা কেমন ?

গ) উদ্দীপকে 'নতুন দেশ' কবিতার কোন বিষয়টি ফুটে উঠেছে ?

ঘ) উদ্দীপকে 'নতুন দেশ' কবিতার মূলভাবের প্রকাশ ঘটে কি, তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাউ ।

প্রশ্নঃ ২

ফটিককে জিজ্ঞাসা করিলেন, "কেমনরে ফটিক, মামার সঙ্গে কলকাতায় যাবি ?" ফটিক লাফাইয়া উঠিয়া বলিল 'যাব' । কবে যাবে, কখন যাবে করিয়া ফটিক তাহার মামাকে অস্থির করিয়া তুলিল; উৎসাহে তাহার সারা রাত্রে নিদ্রা হয় না ।

ক) 'নতুন দেশ' কবিতায় পাহাড়-চূড়া কোথায় সাজে ?

খ) নাইতে গিয়ে 'নতুন দেশ' কবিতার ছেলেটি কী দেখে ?

গ) উদ্দীপকের ফটিকের সাথে 'নতুন দেশ' কবিতার ছেলেটির সাদৃশ্য কোথায় ?

ঘ) "কৌতুহল কিশোর মনের স্বাভাবিক প্রবৃত্তি" উদ্দিপক ও 'নতুন দেশ' কবিতার আলোকে বিচার কর।

Revision
Work

# লখার একুশে

জ্ঞানমূলক

১. ‘লখার একুশে’ গল্পটির রচয়িতা কে ?

২. তিনি কোথায় জন্মগ্রহণ করেন ?

৩. ‘লখার একুশে’ গল্পটি পাঠের উদ্দেশ্য কী ?

৪. লখা রাতে কোথায় ঘুমায় ?

৫. লখার খালি গা ভিজে যায় কিসে ?

৬. লখার পায়ে কিসের কাঁটা ফুটল ?

৭. পথে পথে কিসের ঢল নেমেছে ?

৮. ‘লখার একুশে’ গল্পে বর্ণিত পথে নেমে আসা মিছিলকারীদের ঠোঁটে কী ছিল ?

৯. কে লখাকে তাকিয়ে দেখছিল ?

১০. শান শব্দের অর্থ কী ?

১১. লখার রাতের শোবার বিছানা কেমন ?

১২. ‘মেঙে’ শব্দের অর্থ কী ?

১৩. গানের সুর লহরি বয়ে যায় কোথায় ?

১৪. মস্ত নিচু খাদ কোথায় ?

১৫. লখা শহিদ মিনারে কী কিরতে গিয়েছিল ?

১৬. লখা কাকে দেখেনি এবং চেনে না ?

১৭. ‘লখার একুশে’ গল্পটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে ?

১৮. তুলোমিঠের অপর নাম কী ?

১৯. গাছের পাতা বেয়ে কী গড়িয়ে পড়ছে ?

২০. ‘আমার ভায়ের রক্তে রাঙানো’ গানটির সুরকার কে ?

অনুধাবনমূলক প্রশ্নের উত্তর দাওঃ

১. চুপি চুপি পা ফেলে হারিয়ে গেল ধোঁয়া-ধোঁয়া কুয়াশার মধ্যে । কে এবং কেন হারিয়ে গেল ? ব্যাখ্যা কর ।

২. ‘কিন্তু বিষ তো যায় না । কী অসহ্য যন্ত্রণা’ । ব্যাখ্যা কর ।

৩. ‘হাতের মুঠো পাকিয়ে মনটাকে শক্ত করে নিল লখা’ । কথাটি বিশ্লেষণ কর ।

৪. ‘সারা শরীর জ্বলে যাচ্ছে তার’ । কার এবং কেন ?

৫. ‘পথে পথে মিছিলের ঢল নেমেছ’ । ব্যাখ্যা কর ?

৬. ‘তার গলা দিয়ে কথা তো ফোটে না। শুধু শব্দ হয় আঁ আঁ আঁ আঁ ‘। কেন ?

# মরুভাস্কর

জ্ঞানমূলক

১. হবীবুল্লাহ বাহার কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন ?

২. শিশুদের সঙ্গে রাসুল কিভাবে মেশেন ?

৩. হবীবুল্লা বাহার যে পত্রিকাটি প্রকাশ করেছিলেন, তার নাম কী ?

৪. কাদের অসাধারণ স্মৃতিশক্তি ছিল ?

৫. সূর্যগ্রহণ হয়েছিল কবে ?

৬. পরিত্রাণ অর্থ কী ?

৭. 'যার কোনোকিছুতে ভয় নেই' তাকে কী বলে ?

৮. লহু শব্দের অর্থ কী ?

৯. হযরত মুহাম্মদ (স.) লোকটিকে কী দিলেন ?

১০. হযরত বেলাল কী ছিলেন ?

১১. কার দোয়াতের কালি শহিদের রক্তের চেয়ে পবিত্র ?

১২. হযরত মুহাম্মদ (স.) অত্যাচারীকে কী দেননি ?

১৩. বহুদিন পর দাই-মা হালিমাকে দেখে হযরত কী বলে ডেকে উঠলেন ?

১৪. মহানবী (স.) নিজেকে কী মনে করতেন ?

১৫. 'অভিসম্পাত' শব্দের অর্থ কী ?

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলর উত্তর দাওঃ

নবীন সাহেবকে সবাই সৎ ও ভালো মানুষ হিসিবে জানেন । অফিসে তিনি সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করেন । এ কারনে তিনি আর কয়েকজন অসৎ সহকর্মির বিরাগভাজন হন । সুযোগ পেলেই তারা তাকে নানাভাবে ব্যঙ্গবিদ্রুপ ও নাজেহাল করার চেষ্টা করে । নবীন সাহেব বুঝতে পারলেও তিনি অবস্থান থেকে এতটুকু সরে দাঁড়াননি ।

ক) হযরত মুহাম্মাদ (স.) এর ভৃত্যের নাম কী ?

খ) "হযরত চরিত্রে সংমিশ্রণ হয়েছিল কোমল আর কঠোরের" । - ব্যাখ্যা কর ।

গ) উদ্দীপকের নবীন সাহাবের চরিত্রে 'মরু-ভাস্কর' প্রবন্ধের মহানবি (স.)-এর চরিত্রের কোন গুণের প্রতিফলন ঘটেছে ? ব্যাখ্যা কর।

ঘ) "উদ্দীপকের মূলভাব এবং 'মরু-ভাস্কর' প্রবন্ধের মূলভাবে মিল থাকলেও তা সম্পূর্ণ এক নয়" । - বিশ্লেষণ কর ।

প্রশ্নঃ ২

আমার এঘর ভাঙিয়াছে যেবা, আমি বাঁধি তার ঘর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।
যে মোরে করিল পথের বিবাগী,
পথে পথে আমি ফিরি তার লাগি ।
দীঘল রজনী তার তরে জাগি ঘুম যে হরেছে মোর
আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর ।

ক) মক্কা বিজয়ের পর মহানবি কোন পর্বতের পাদদেশে বক্তৃতা করেন ?

খ) "এমন মায়ের সন্তান আমি শুষ্ক খাদ্যই যার আহার্য" । উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে ?

গ) উদ্দীপকের কবিতাংশটি মুহাম্মাদ (স.)-এর কোন বৈশিষ্ট্যটি প্রকাশ করে ? তা তুলে ধর ।

ঘ) "উদ্দীপকের চেতনা হযরত মুহাম্মাদ (স.)-এর একটি গুণ মাত্র, তার সম্পূর্ণ পরিচয় নয়" । স্বীকার কর কি ? তোমার মতের পক্ষে যুক্তি দাও ।

Revision Work

# তোতাকাহিনী

জ্ঞানমূলকঃ

১. খাঁচা কারা তৈরি করল ?

২. কে মূর্খ ছিল ?

৩. রাজা কাকে শিরোপা দিলেন ?

৪. পণ্ডিতদের মতে পাখির অবিদ্যার কারন কি ?

৫. 'তনখা' শব্দের অর্থ কি ?

৬. 'লিপিকর' বলতে কাদের বোঝায় ?

৭. পাখিটাকে শিক্ষা দেওয়ার দায়িত্ব কার ওপর পড়িল ?

৮. 'স্যাকরা' শব্দের অর্থ কি ?

৯. 'এ কী বেয়াদবি' পাখি সম্পর্কিত উক্তিটি কার ?

১০. রাজা কিসের পিঠে চড়ে পাখিটিকে দেখতে গেলেন ?

১১. পাখিটার শিক্ষা পুরা হইয়াছে কে বলিল ?

১২. 'খবরদারি' অর্থ কি?

১৩. 'অমাত্য' শব্দের অর্থ কি ?

১৪. ভাগিনাদের কথায় খুশি হয়ে রাজা কীকরলেন ?

১৫. রাজা কাকে ডেকে বললেন- পাখিটাকে শিক্ষা দাও ?

অনুধাবনমূলক প্রশ্নের উত্তর দাওঃ

১. "শিক্ষার একেবারে হদ্দমুদ্দ"। বলতে কি বোঝানো হয়েছে । ব্যাখ্যা কর ।

২. "কেন রাজা পাখিটাকে শিক্ষা দিতে বিললেন" ? ব্যাখ্যা কর ।

৩. "কেবল তার পেটের মধ্যে পুঁথির শুকনো পাতা খসখস গজগজ করিতে লাগিল" । কথাটি বিশ্লেষণ কর ।

৪. 'এ কী বেয়াদবি' । এখানে কার বেয়াদবির কথা বলা হয়েছে ? কেন ?

৫. ভাগিনা বলিল, 'মহারাজ কাণ্ডটা দেখিতেছেন'। কোন কাণ্ড ? ব্যাখ্যা কর ।

নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

মনির সাহেবের একমাত্র সন্তান অমিত । সে প্রচণ্ড অলস, অর্কমণ্য পরাশোনায় মনো্যোগ নেই । কিন্তু বাবার ইচ্ছা ছেলেকে উচ্চশিক্ষিত ও প্রতিষ্ঠিত করা । ছেলেকে বিদ্যা শেখানোর জন্য অনেক শিক্ষক নিয়োগ দেওয়া হলো, অসংখ্য বই-পত্র, দিস্তা দিস্তা কাগজ-কলম এনে জড় করা হলো । নাম করা বিদ্যালয়ে ভর্তি করানো হলো । বিদ্যালয়ে যাতায়াতের জন্য গাড়ি কেনা হলো । সবাই মনির সাহেবের প্রশংসা করতে লাগলো ।

ক) রাজা নিন্দুককে কী দিতে বলে দিলেন ?

খ) 'পাখিটার পুরো শিক্ষা হয়েছে'- একথা কেন বলা হয়েছে ?

গ) 'তোতা কাহানী' গল্পের কোন দিকটি মনির সাহাবের চরিত্রে প্রতিফলিত হয়েছে ? ব্যাখ্যা কর ।

ঘ) উদ্দীপকে বর্ণিত শিক্ষা নিয়ে বাড়াবাড়ির দিকটি 'তোতাকাহিনী' গল্পের আলোকে মূল্যায়ন কর ।

Revision Work